IBO IB DIPLOMA PROGRAMME
PROGRAMME DU DIPLÔME DU BI
PROGRAMA DEL DIPLOMA DEL BI

M03/258/S(1)T

**BENGALI B – STANDARD LEVEL – PAPER 1**
**BENGALI B – NIVEAU MOYEN – ÉPREUVE 1**
**BENGALÍ B – NIVEL MEDIO – PRUEBA 1**

Thursday 8 May 2003 (afternoon)
Jeudi 8 mai 2003 (après-midi)
Jueves 8 de mayo de 2003 (tarde)

1 h 30 m

---

TEXT BOOKLET – INSTRUCTIONS TO CANDIDATES

- Do not open this booklet until instructed to do so.
- This booklet contains all of the texts required for Paper 1 (Text handling).
- Answer the questions in the Question and Answer Booklet provided.

LIVRET DE TEXTES – INSTRUCTIONS DESTINÉES AUX CANDIDATS

- Ne pas ouvrir ce livret avant d'y être autorisé.
- Ce livret contient tous les textes nécessaires à l'épreuve 1 (Lecture interactive).
- Répondre à toutes les questions dans le livret de questions et réponses.

CUADERNO DE TEXTOS – INSTRUCCIONES PARA LOS ALUMNOS

- No abra este cuaderno hasta que se lo autoricen.
- Este cuaderno contiene todos los textos requeridos para la Prueba 1 (Manejo y comprensión de textos).
- Conteste todas las preguntas en el cuaderno de preguntas y respuestas.

টেক্সট ক - বর্ণালী টেলিভিশন

# নব উদ্দীপনা ও নূতন ভঙ্গীমায় আপনার দোরগোড়ায় এসেছে

# বর্ণালী

ডিজিটাল বাংলা টেলিভিশনের জগতে সম্পূর্ণ নতুন অঙ্গীকার নিয়ে। সম্মানীয় গ্রাহকদেরকে আমরা জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা।

আপনার প্রিয় চ্যানেল 'বর্ণালী' ২৪ ঘন্টার জন্য টেলিভিশনের পর্দায় দেখা যাবে।

নতুন গ্রাহক হলে আপনার জন্য রয়েছে লটারীর মাধ্যমে  পরিবারসহ সিঙ্গাপুরে তিন দিন বেড়িয়ে আসার সুবর্ণ সুযোগ। আমাদের খরচে বিমান ও হোটেল ভাড়া ও বিশেষ দর্শনীয় স্থান গুলো ঘুরে দেখার সুবর্ণ সুযোগ। আজই চাঁদা দিয়ে বর্ণালীর গ্রাহক হয়ে এই সুযোগের আশায় থাকুন।

**বর্ণালী  চ্যানেলের বিশেষ আকর্ষণ**

কবিতা চৌধুরীর উপস্থাপনায় প্রতি শনিবার সন্ধ্যা ৭ টায় সাধারন জ্ঞানের প্রতিযোগিতা

বিশিষ্ট সাংবাদিক সমর দাসের সভাপতিত্বে প্রতি রবিবার দুপুর ১২টায় সাম্প্রতিক রাজনৈতিক ও সামাজিক সমস্যাবলীর উপর আলোচনা অনুষ্ঠান

সজল হেলালীর গ্রন্থনা ও উপস্থাপনায় 'চলমান পৃথিবী' অনুষ্ঠানটি প্রচারিত হবে প্রতি সোমবার রাত ৮টায়

বর্ণালী চ্যানেলের গ্রাহক হতে চাইলে এখনই ফোন করুন

## টেক্স্ট খ - ইতিহাসের ছবি অশোক

ঐতিহাসিক পটভূমিতে ছবি তৈরীর হিড়িক চলছে হলিউড বলিউড সবখানেই। এই হিড়িকের নতুন সংযোজন ‘অশোক’। ছবিটি ভারত সহ বিভিন্ন দেশের সিনেমা হলে সম্প্রতি মুক্তি পেয়েছে। ভারতের মৌর্যবংশের সম্রাট অশোকের কাহিনী নিয়ে তৈরী হয়েছে এই সিনেমা। সম্রাট অশোকের ভূমিকায় রূপ দিয়েছেন শাহরুখ খান। তার বিপরীতে কৌরবকী চরিত্রে অভিনয় করেছেন কারিনা কাপুর।

শাহরুখ ও জুহিচাওলার প্রযোজনা সংস্থা ড্রিমস আনলিমিটেডের ফসল অশোক। পরিচালক সন্তোষ শিবান ছবিটি নিয়ে প্রচুর পরিশ্রম করেছেন। বিশেষ করে শাহরুখ খান অশোক ছবিটি নিয়ে দারুন দুশ্চিন্তায় আছেন। তার ঘনিষ্ট বান্ধবী এবং ড্রিমস আনলিমিটেডের অন্যতম কর্ণধার জুহিচাওলা বলেন, ‘সত্যি কথা বলতে কি, একজন নায়ক-নায়িকা যত বড় তারকাই হোন না কেন, ছবি নিয়ে টেনশন তাঁর হবেই'।

সিনেমা জগতে তাঁর অবস্থান অশোকের সাফল্যের ওপর অনেকখানি নির্ভর করছে। অশোক শুধু ঐতিহাসিক ঘটনার ছবি নয়। মূলতঃ এটি একটি প্রেমের ছবি। অশোকের প্রেমিকার চরিত্রে কারিনাকে দারুন মানিয়েছে, জানিয়েছেন জুহি। তিনি বলেন, ‘অশোকের প্রেমিকা কৌরবকীর কাহিনী অবশ্য সব ইতিহাসের বইতে পাওয়া যাবে না। তবে উড়িষ্যার লোক কাহিনীতে অশোক ও কৌরবকীর প্রেম কাহিনীর উল্লেখ আছে'। উড়িষ্যার মানুষ বিশ্বাস করেন অশোকের সঙ্গে কৌরবকীর প্রেমের সম্পর্ক ছিল । তবে শেষ পর্যন্ত কৌরবকীর সঙ্গে অশোকের বিয়ে হয়নি। দেবী নামের অন্য একজন নারী অশোকের স্ত্রী হন।

পরিচালক সন্তোষ শিবানের সহকারী দিব্যা বলেন, ‘অশোকের সুটিং ছিল বেশ ঝামেলার। ভূবনেশ্বর ও কলিঙ্গের বিভিন্ন গুহাতে বেশ কিছু ছবি তুলতে হয়েছে। তা ছাড়া সেট তৈরী, নায়ক-নায়িকা ও অন্যদের পোশাক তৈরীর ঝামেলা তো ছিলই। মেকআপ ও পোষাক পরার পর কারিনা যখন ক্যামেরার সামনে দাঁড়ান তখন মনে হয়েছে তাকে ছাড়া কৌরবকীর ভূমিকায় অন্য কাউকে মানাত না'।

টেক্সট গ - কক্সবাজার

অনুচ্ছেদ ১ ইতিহাসের চাকা কেমন করে পাল্টে যায়। আঠারশ শতাব্দীর শেষভাগে বর্মী রাজা কর্তৃক আরাকান অঞ্চল দখলের পর বহু মগ নর-নারী পালিয়ে আসে টেকনাফ হয়ে কক্সবাজারে। ইংরেজ লেফটেনান্ট কক্স সাহেব এসব মগদের আশ্রয় দেন। তার নামানুসারে পরিচিত অঞ্চল কক্সবাজার। বাংলাদেশের শ্রেষ্ঠ পর্যটন কেন্দ্র কক্সবাজার। এই শহরের জনসংখ্যা ১৯৬১ সালের আদমশুমারী অনুযায়ী ছিল সাড়ে আট হাযার আর এখন এক লাখের উপর।

অনুচ্ছেদ ২ বারো বছর আগে আমার দেখা কক্সবাজার আর আজকের কক্সবাজারের ব্যবধান অনেক। শান্ত নির্জন সমুদ্র সৈকত আজ এক কর্মমুখর জনপদ। আগের প্যাগোডা টাইপের বাড়ির পাশে গড়ে উঠেছে সুরম্য অট্টালিকা। নানা ধরনের অর্থনৈতিক কারবারে জড়িত রয়েছে চৌদ্দ লাখ লোক অধ্যুষিত কক্সবাজার জেলার বহু অধিবাসী।

অনুচ্ছেদ ৩ প্রকৃতির লীলাভূমিতে যাদের জন্ম প্রকৃতি থেকেই আহরণ করে তাদের জীবিকা। আদিম উপায়ে সমুদ্র থেকে মাছ শিকার, লবণ উৎপাদন ও পাহাড় থেকে কাঠ সংগ্রহই এখানকার জনসাধারণের প্রধান জীবিকা। জীবিকার মৌলিক পরিবর্তন না হলেও এর পদ্ধতিগত পরিবর্তন লক্ষণীয়। মাছ শিকারের দাঁড়ের নৌকার স্থান নিয়েছে যন্ত্রচালিত ট্রলার। আর সমুদ্রের পাড়ে গড়ে উঠেছে অনেক চিংড়ি উৎপাদনের ঘের। স্থানীয় অধিবাসীদের পাশাপাশি চিংড়ি উৎপাদন ক্ষেত্রে যোগ দিয়েছে বাংলাদেশের অন্যান্য অঞ্চল থেকে আগত বিনিয়োগকারীরা।

অনুচ্ছেদ ৪ চিংড়ি বাজারজাতকরণ এর দিক দিয়েও কক্সবাজার বেশ উন্নতি করেছে বলে জানালেন ব্যাংক কর্মকর্তারা। ব্যাংক এর সঙ্গে ব্যবসায়ীদের লেনদেন খুবই সন্তোষজনক বলে জানালেন এক স্থানীয় ব্যাংক কর্মকর্তা। একজন সফল চিংড়ি প্রকল্পের মালিক জানালেন, ব্যক্তিমালিকানাধীন প্রকল্পগুলো চলছে ভালভাবে। কিন্তু তিনি বললেন, বিশ্বব্যাংকের টাকায় স্থাপিত একটি প্রকল্প বন্ধ হয়ে গেছে।